এসএস সি পরীক্ষা ২০১৬ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

# হিসাববিজ্ঞান

বিষয় কোড : ১৪৬

সময় — ২ ঘণ্টা ১০ মিনিট | সৃজনশীল প্রশ্ন | পূর্ণমান — ৬০

[দ্রষ্টব্য :- দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও।
১নং ও ২নং প্রশ্নসহ যে কোন ৬টি প্রশ্নের উত্তর দাও। প্রত্যেক প্রশ্নের মান ১০।]

## ক বিভাগ (বাধ্যতামূলক)

১. **জনি ট্রেডার্স-এর রেওয়ামিল**
৩১ ডিসেম্বর ২০১৪ ইং

| ক্র. নং | হিসাবের নাম | খ. পৃ. | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|---|---|
| ১. | পণ্য ক্রয় ও বিক্রয় | | ১,৫০,০০০ | ৩,০০,০০০ |
| ২. | উত্তোলন ও মূলধন | | ৯০,০০০ | ২,০০,০০০ |
| ৩. | দেনাদার ও পাওনাদার | | ৮২,০০০ | ৪০,০০০ |
| ৪. | ফেরত | | ৪,০০০ | ২,০০০ |
| ৫. | প্রাপ্য বিল ও প্রদেয় বিল | | ৬,০০০ | ১১,০০০ |
| ৬. | বাট্টা | | ৪,০০০ | ৩,০০০ |
| ৭. | কমিশন | | ১,০০০ | ৪০০ |
| ৮. | বেতন (১০ মাস) | | ২০,০০০ | |
| ৯. | বিবিধ স্থায়ী সম্পদ | | ১,০০,০০০ | |
| ১০. | কুঋণ ও কুঋণ সঞ্চিতি | | ৩,০০০ | ২,৬০০ |
| ১১. | হাতে নগদ | | ৪৫,০০০ | |
| ১২. | কারবারি বাট্টা | | ৩,০০০ | ১,০০০ |
| ১৩. | প্রারম্ভিক মজুদ | | ৫২,০০০ | |
| | | | ৫,৬০,০০০ | ৫,৬০,০০০ |

**সমন্বয়সমূহ :** (ক) সমাপনী মজুদ পণ্য ২০,০০০ টাকা; (খ) ধারে বিক্রয় ১০,০০০ টাকা হিসাবভুক্ত হয় নি; (গ) কুঋণ ২,০০০ টাকা অবলোপন কর অবশিষ্ট দেনাদারের উপর ৫% কুঋণ সঞ্চিতি ধার্য কর; (ঘ) মূলধন ও উত্তোলনের উপর ১০% সুদ ধার্য কর।

ক. মোট চলতি সম্পদের পরিমাণ কত? ২

খ. জনাব জনি ট্রেডার্স এর মোট মুনাফা বা মোট ক্ষতির পরিমাণ নির্ণয় কর। ৪

গ. জনাব জনি ট্রেডার্স এর নিট মুনাফা বা ক্ষতির পরিমাণ নির্ণয় কর। ৪

Teachingbd.com

২. **জনাব রাসেল-এর রেওয়ামিল**

৩১ ডিসেম্বর ২০১৪ ইং

| ক্র. নং | হিসাবের নাম | খ. পৃ. | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|---|---|
| ১. | উত্তোলন ও মূলধন | | ৪৫,০০০ | ১,০০,০০০ |
| ২. | ক্রয় ও বিক্রয় | | ৭৫,০০০ | ১,৭০,০০০ |
| ৩. | দেনাদার ও পাওনাদার | | ৩১,০০০ | ২১,০০০ |
| ৪. | ভাড়া (১৬ মাস) | | ২০,০০০ | |
| ৫. | প্রাপ্য বিল | | ৩,০০০ | |
| ৬. | প্রদেয় বিল | | | ৫,৫০০ |
| ৭. | বেতন (৮ মাস) | | ১০,০০০ | |
| ৮. | কমিশন | | ২,৫০০ | ২০০ |
| ৯. | স্থায়ী সম্পত্তি | | ৭০,০০০ | |
| ১০. | কুঋণ ও কুঋণ সঞ্চিতি | | ১,৫০০ | ১,৩০০ |
| ১১. | হাতে নগদ | | ৫,৫০০ | |
| ১২. | ১০% বিনিয়োগ (১-৮-১৪) | | ২০,০০০ | |
| ১৩. | ব্যবসায়িক বাট্টা | | ১,৫০০ | ৫০০ |
| ১৪. | মজুদ পণ্য (১-১-১৪) | | ২৪,৫০০ | |
| ১৫. | মজুরি | | ১,৫০০ | |
| ১৬. | ১০% ঋণ | | | ১২,৫০০ |
| | | | ৩,১১,০০০ | ৩,১১,০০০ |

**সমন্বয় :** (১) সমাপনী মজুদ পণ্য ২০,০০০ টাকা; (২) ধারে পণ্য ক্রয় ২০,০০০ টাকা হিসাবভুক্ত হয়নি; (৩) স্থায়ী সম্পদের উপর ৫% অবচয় ধার্য কর; (৪) অনাদায়ী দেনা ২,০০০ টাকা অবলোপন কর। অবশিষ্ট দেনাদারের উপর ৫% কুঋণ সঞ্চিতি ধার্য কর।

ক. নিট দেনাদারের পরিমাণ কত? ২

খ. মোট লাভ ৬৮,০০০ টাকা ধরে নিট লাভ বা ক্ষতির পরিমাণ নির্ণয় কর। ৪

গ. ৩১ ডিসেম্বর ২০১৪ তারিখে জনাব রাসেল এর সম্পদ ও দায়ের পরিমাণ নির্ণয় কর। ৪

**খ বিভাগ**

৩. জনাব সবুজ একজন ব্যবসায়ী। ২০১৫ সালের মার্চ মাসে তার ব্যবসায়ে নিম্নলিখিত ঘটনাগুলো সংঘটিত হয়েছে।

মার্চ ১ ৩০,০০০ টাকা নিয়ে ব্যবসায় শুরু করেন।

" ২ ৭,০০০ টাকা বেতনে একজন দক্ষ ম্যানেজার নিয়োগ দেওয়া হলো।

" ৫ ব্যাংকে ৮,০০০ টাকা দিয়ে একটি হিসাব খোলা হলো।

" ৭ ধারে পণ্য ক্রয় ৫,০০০ টাকা।

http://teachingbd.com

" ৮ নগদে পণ্য বিক্রয় ২৫,০০০ টাকা।
" ১০ ব্যাংক হতে ব্যক্তিগত প্রয়োজনে ঋণ গ্রহণ ১০,০০০ টাকা।
" ১৫ ব্যবসার জন্য ১০,০০০ টাকা পণ্য ক্রয়ের ফরমায়েশ প্রদান।
" ২০ আসবাবপত্র ক্রয় ৭,০০০ টাকা।

ক. ব্যবসায়িক লেনদেন নয় এমন ঘটনাসমূহ চিহ্নিত করে মোট পরিমাণ নির্ণয় কর। ২

খ. ঘটনাসমূহ হতে লেনদেন চিহ্নিত করে সমীকরণ পদ্ধতিতে তার কারণসহ লেখ। ৪

গ. বিবরণী ছকে হিসাব সমীকরণের উপর লেনদেনের প্রভাব দেখাও। ৪

৪. জনাব রাসেদ একজন ব্যবসায়ী। ২০১৫ সালের জুন মাসে তার প্রতিষ্ঠানের নিম্নোক্ত লেনদেনসমূহ সংঘটিত হয়েছে।

জুন ১ ৫% বাট্টা জনাব শাকিল এর নিকট হতে পণ্য ক্রয় ১৫,০০০ টাকা। চালান নং ১১৫।
" ৫ চেকে পণ্য বিক্রয় ১০,০০০ টাকা।
" ১০ শাকিলকে পণ্য ফেরত দেওয়া হলো ৫,০০০ টাকা। ডেবিট নোট নং ১২০।
" ১৫ পুরাতন আসবাবপত্র বিক্রয় ৫,০০০ টাকা।
" ২০ জনাব মাহির নিকট হতে ১০% বাট্টা পণ্য ক্রয় ২৫,০০০ টাকা। চালান নং ১৩০।
" ২৫ বিনামূল্যে পণ্য বিতরণ ১০,০০০ টাকা।

ক. ১০ তারিখের লেনদেনের ভিত্তিতে একটি ডেবিট নোট প্রস্তুত কর। ২

খ. উপরোক্ত লেনদেনের ভিত্তিতে জনাব রাসেদ এর ক্রয় জাবেদা প্রস্তুত কর। ৪

গ. ক্রয় জাবেদা ব্যতীত অবশিষ্ট লেনদেনের সাধারণ জাবেদা দাখিলা প্রস্তুত কর। ৪

৫. লিমা ট্রেডার্সের ২০১৫ সালের জুলাই মাসের লেনদেনগুলো ছিল নিম্নরূপ :

জুলাই ১ প্রারম্ভিক হাতে নগদ ৫০,০০০ টাকা এবং ব্যাংক জমাতিরিক্ত ৩০,০০০ টাকা।
" ২ রাজিবের নিকট ১০% বাট্টায় ১০,০০০ টাকার পণ্য ক্রয়।
" ৩ আরিফের নিকট নগদে পণ্য বিক্রয় ৩০,০০০ টাকা।
" ৪ অফিসের জন্য একটি কম্পিউটার ক্রয় ২৫,০০০ টাকা।
" ১০ ঋণ গ্রহণ ৫০,০০০ টাকা।
" ১২ সেলিমের নিকট পণ্য ক্রয় ১০,০০০ টাকা।
" ১৫ রাজিবের নিকট হতে প্রাপ্তি ২৫,০০০ টাকা এবং বাট্টা প্রদান ১,০০০ টাকা।
" ২০ নগদে পণ্য ক্রয় ৫,০০০ টাকা।
" ২৫ সেলিমকে ১০,০০০ টাকার পূর্ণ নিষ্পত্তিতে ৯,৫০০ টাকা প্রদান।
" ২৮ ব্যাংক হতে উত্তোলন ৫,০০০ টাকা।

Teachingbd.com

" ৩০ চেক দ্বারা বেতন প্রদান ৭,০০০ টাকা।

ক. যেসব লেনদেন নগদান বইতে অন্তর্ভুক্ত হবে না তার পরিমাণ কত? ২

খ. উপরোক্ত লেনদেন দ্বারা নগদ প্রাপ্তি জাবেদা প্রস্তুত কর। ৪

গ. উপরোক্ত লেনদেন দ্বারা একটি উপযুক্ত নগদান বই প্রস্তুত কর। ৪

৬. জনাব পাবেল ২০১৪ সালের ৩১ শে ডিসেম্বর তারিখের উদ্বৃত্তগুলো নিম্নরূপ : মূলধন ১,৫০,০০০ টাকা, উত্তোলন ৫০,০০০ টাকা, প্রাপ্য বিল ৩০,০০০ টাকা, প্রদেয় বিল ২৫,০০০ টাকা, সাধারণ সঞ্চিতি ৫,০০০ টাকা, নগদ তহবিল (১-১-১৪) ১০,০০০ টাকা, মজুদ পণ্য (১-১-১৪) ৪০,০০০ টাকা, কুঋণ ৫,০০০ টাকা, অনাদায়ী পাওনা সঞ্চিতি ৩,০০০ টাকা, ১০% সঞ্চয়পত্র ৪৫,০০০ টাকা, দেনা ২৫,০০০ টাকা, পাওনা ৩০,০০০ টাকা, বকেয়া বেতন ৫,০০০ টাকা, অগ্রিম শিক্ষানবিশ সেলামী ৩,০০০ টাকা, ব্যাংক জমাতিরিক্ত ২,০০০ টাকা, নগদ তহবিল (৩১-১২-১৪) ১০,০০০ টাকা, অগ্রিম বিমা ৪,০০০ টাকা, সমাপনী ব্যাংক জমা ৪,০০০ টাকা, মজুদ পণ্য (৩১-১২-১৪) ৩৫,০০০ টাকা।

ক. কোন কোন উদ্বৃত্ত রেওয়ামিলে অন্তর্ভুক্ত হবে না এর পরিমাণ নির্ণয় কর। ২

খ. উপরোক্ত উদ্বৃত্তগুলো দ্বারা জনাব পাবেল এর ব্যবসায়ের একটি রেওয়ামিল প্রস্তুত কর। ৪

গ. হিসাবকাল শেষে জনাব পাবেলের চলতি সম্পদ ও চলতি দায়ের পার্থক্য নির্ণয় কর। ৪

৭. ২০১৪ সালে জনাব সাকিব এর ব্যবসায়ের লেনদেনগুলো নিম্নরূপ :

| | টাকা |
|---|---|
| ব্যবসায়ের মূলধন | ২,০০,০০০ |
| যন্ত্রপাতি ক্রয় | ৮০,০০০ |
| ব্যাংক থেকে ঋণ গ্রহণ | ৭০,০০০ |
| পুরাতন যন্ত্রপাতি বিক্রয় | ২০,০০০ |
| পণ্য ক্রয় | ৯০,০০০ |
| কর্মচারীর বেতন | ১০,০০০ |
| বিদ্যুৎ বিল প্রদান | ৫,০০০ |
| যন্ত্রপাতির অবচয় | ৪,০০০ |
| আগুনে বিনষ্ট পণ্য | ২,০০০ |
| ভাড়া প্রদান (যার মধ্যে ৩,০০০ টাকা ২০১৫ সালের জন্য) | ৭,০০০ |
| কমিশন প্রাপ্তি (যার মধ্যে ২,০০০ টাকা ২০১৫ সালের জন্য) | ২০,০০০ |
| পণ্য বিক্রয় | ৫,০০,০০০ |

ক. মূলধন জাতীয় প্রাপ্তির পরিমাণ কত? ২

খ. মুনাফা জাতীয় আয় ও মুনাফা জাতীয় ব্যয়ের মোট পরিমাণ কত? ৪

গ. বৎসরান্তে জনাব সাকিবের মালিকানা স্বত্বের পরিমাণ নির্ণয় কর। ৪

http://teachingbd.com

৮. মোস্তফা প্রিন্টার্স ৬,০০০টি ডায়েরি প্রস্তুত করতে নিম্নলিখিত খরচগুলো করেন।

কাগজ ক্রয় ৯০,০০০ টাকা, ছাপার কালি ক্রয় ৩০,০০০ টাকা, প্রত্যক্ষ মজুরি ১২,০০০ টাকা, আঠা ও সুতা ক্রয় ১০,০০০ টাকা, কারখানার ভাড়া ৫,০০০ টাকা, কারখানার বিদ্যুৎ খরচ ১০,০০০ টাকা, অফিস ও প্রশাসনিক খরচ ১০,০০০ টাকা, আপ্যায়ন খরচ ৫,০০০ টাকা, বিল আদায় খরচ দরপত্র উদ্বৃত্ত মূল্যের ২%।

প্রতিটি ডায়রির দরপত্র মূল্য ৪০ টাকা।

ক. মোস্তফা প্রিন্টার্সের মুখ্য ব্যয় কত? ২

খ. মোস্তফা প্রিন্টার্সের প্রতিটি ডায়রির উৎপাদন ব্যয় নির্ণয় কর। ৪

গ. মোস্তফা প্রিন্টার্সের প্রতিটি ডায়রির লাভ বা ক্ষতির পরিমাণ নির্ণয় কর। ৪

৯. ১লা জানুয়ারি ২০১৪ সালের ডা: মাহিনের পারিবারিক অবস্থা নিম্নরূপ : দালানকোঠা ৮,০০,০০০ টাকা, আসবাবপত্র ১,০০,০০০ টাকা, ১০% বিনিয়োগ ৫০,০০০ টাকা, গহনাপত্র ৫০,০০০ টাকা, ১০% ঋণ ৭০,০০০ টাকা, হাতে নগদ ৩,০০০ টাকা।

**ডা: মাহিন এর প্রাপ্তি ও প্রদান হিসাব**

৩১ ডিসেম্বর ২০১৪ সাল

| প্রাপ্তিসমূহ | টাকা | প্রদানসমূহ | টাকা |
|---|---|---|---|
| হাতে নগদ | ৩,০০০ | খাদ্যসামগ্রী | ৬০,০০০ |
| বেতন | ৩,০০,০০০ | ঋণ পরিশোধ | ২০,০০০ |
| বিনিয়োগের সুদ | ১,৫০০ | দৈনন্দিন বাজার | ১,০০,০০০ |
| কৃষি হতে আয় | ৬৩,০০০ | টেলিভিশন ক্রয় | ২৩,০০০ |
| রোগী দেখে প্রাপ্তি | ১,২০,০০০ | খবরের কাগজ | ৩,৫০০ |
| | | শিক্ষা খরচ | ২৮,০০০ |
| | | গ্যাস, বিদ্যুৎ খরচ | ২১,০০০ |
| | | হাতে নগদ | ৭,০০০ |
| | | ব্যাংকে জমা | ২,০০,০০০ |
| | | জীবন বিমা | ২৫,০০০ |
| | ৪,৮৭,৫০০ | | ৪,৮৭,৫০০ |

**সমন্বয় :** (১) গ্যাস ও বিদ্যুৎ খরচ ২,০০০ টাকা বকেয়া আছে; (২) বেতন ৫,০০০ টাকা অনাদায়ী রয়েছে।

ক. ডা: মাহিনের পারিবারিক তহবিলের পরিমাণ নির্ণয় কর। ২

খ. ৩১ ডিসেম্বর ২০১৪ তারিখের সমাপ্ত বছরের তার পরিবারের আয়-ব্যয় বিবরণী প্রস্তুত কর। ৪

গ. উক্ত তারিখের ডা: মাহিনের পরিবারের আর্থিক অবস্থার বিবরণী তৈরি কর। ৪

Teachingbd.com

# হিসাববিজ্ঞান : বহুনির্বাচনি অভীক্ষা

সময় — ৪০ মিনিট পূর্ণমান — ৪০ বিষয় কোড : ১৪৬

[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]

১. **হিসাববিজ্ঞানকে কী নামে অভিহিত করা হয়?**
ক হিসাব ব্যবস্থা খ তথ্য ব্যবস্থা
গ নিরীক্ষা ব্যবস্থা ঘ বিবরণী ব্যবস্থা

২. **হিসাববিজ্ঞান তথ্যের বাহ্যিক ব্যবহারকারী হলো—**
ক মালিক খ অভ্যন্তরীণ নিরীক্ষক
গ শেয়ারহোল্ডার ঘ ঋণ প্রদানকারী

৩. **স্বত্বাধিকার বৃদ্ধি পায়—**
i. দায় বৃদ্ধি পেলে
ii. আয় বৃদ্ধি পেলে
iii. ব্যয় হ্রাস পেলে
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

৪. **লেনদেনের বৈশিষ্ট্য কয়টি?**
ক ৪টি খ ৫টি গ ৬টি ঘ ৭টি

৫. **জবাবদিহি প্রক্রিয়া কী সৃষ্টি করে?**
ক দায়িত্বহীনতা খ দায়িত্ববোধ
গ কর্মবিমুখতা ঘ কর্মহীনতা

৬. **ভবিষ্যৎ ঘটনা সংক্রান্ত লেনদেনের উদাহরণ হলো—**
i. অনাদায়ী পাওনা সঞ্চিতি
ii. বাট্টা সঞ্চিতি iii. আসবাবপত্র
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

৭. **ব্যক্তিগত প্রয়োজনে নগদ অর্থ উত্তোলন এই লেনদেনের ফলে হিসাব সমীকরণের—**
i. A উপাদান হ্রাস পাবে
ii. L উপাদান হ্রাস পাবে
iii. E উপাদান হ্রাস পাবে
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

**নিচের উদ্দীপকটি পড় এবং ৮, ৯, ১০নং প্রশ্নের উত্তর দাও :**
জনাব শফিক ১লা জানুয়ারি ২০১৫ তারিখে ৭০,০০০ টাকা নিয়ে ব্যবসা আরম্ভ করেন। অপুর নিকট বিক্রয়কৃত ১০,০০০ টাকার পণ্যের মধ্যে ৪,০০০ টাকার পণ্য ফেরত এসেছে। তিনি ব্যক্তিগতভাবে একটি স্কুলে ৩,০০০ টাকা অনুদান দিলেন।

৮. **৭০,০০০ টাকা নিয়ে ব্যবসায় শুরু করায় হিসাব সমীকরণের কোন উপাদানে প্রভাব পড়বে?**
ক সম্পদে খ দায়ে
গ সম্পদ ও দায়ে ঘ সম্পদ ও মালিকানা স্বত্বে

৯. **অপুর নিকট থেকে বিক্রিত পণ্য ফেরত আসায় জনাব শফিক যে নোট প্রস্তুত করেন তা হলো—**
ক ডেবিট নোট খ ক্রেডিট নোট
গ প্রাপ্য নোট ঘ প্রদেয় নোট

১০. **স্কুলে ৩,০০০ টাকা অনুদান দেয়ায় ব্যবসায় পরিবর্তন হবে—**
ক সম্পদ কমবে খ মূলধন কমবে
গ সুনাম বাড়বে
ঘ ব্যবসায়ে কোনো প্রভাব পড়বে না

১১. **দুতরফা দাখিলা পদ্ধতি একটি—**
ক রিপোটিং পদ্ধতি খ লিপিবন্ধকরণ পদ্ধতি
গ আর্থিক বিবরণী প্রস্তুতকরণ পদ্ধতি
ঘ ডেবিট ও ক্রেডিট নির্ধারণ পদ্ধতি

১২. **হিসাব চক্রের ধাপ কয়টি?**
ক ৭টি খ ৮টি গ ৯টি ঘ ১০টি

১৩. **অসম্পূর্ণ ও ত্রুটিপূর্ণ হিসাব পদ্ধতি কোনটি?**
i. দু'তরফা দাখিলা পদ্ধতি
ii. সমীকরণ পদ্ধতি
iii. একতরফা দাখিলা পদ্ধতি
**নিচের কোনটি সঠিক?**
ক i খ ii গ iii ঘ i, ii ও iii

১৪. **প্রারম্ভিক মূলধন ৭০,০০০ টাকা, উত্তোলন ১০,০০০ টাকা এবং সমাপনী মূলধন ৯০,০০০ টাকা হলে লাভ/ক্ষতির পরিমাণ কত?**
ক লাভ ৩০,০০০ টাকা খ ক্ষতি ৩০,০০০ টাকা
গ ক্ষতি ৭০,০০০ টাকা ঘ লাভ ১,০০,০০০ টাকা

১৫. **রহিম তাঁর ব্যবসায়ের জন্য ২০,০০০ টাকার পণ্য আমদানি করে। পণ্য আমদানি শুল্ক—**
ক মূলধন জাতীয় ব্যয় খ মুনাফা জাতীয় ব্যয়
গ অব্যবসায়ী ব্যয় ঘ মুনাফা জাতীয় ব্যয়

১৬. **বিশদ আয় বিবরণীতে লিপিবদ্ধ হবে—**
i. মুনাফা জাতীয় ব্যয়
ii. মুনাফা জাতীয় আয়
iii. মূলধন জাতীয় ব্যয়
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

১৭. **অনিয়মিত আয়ের উদাহরণ কোনটি?**
ক প্রাপ্ত বাট্টা খ প্রাপ্ত কমিশন
গ কোনো সম্পত্তি বিক্রয়ের অর্থ ঘ মাল বিক্রয়

১৮. **চলমান জের ছক অনুসরণ করে হিসাবের উদ্বৃত্ত নির্ণয় করা হয়—**
ক প্রতি সপ্তাহ শেষে খ প্রতি মাস শেষে
গ প্রতিটি লেনদেন লিপিবদ্ধের পর
ঘ প্রতিদিনের শেষে

১৯. **মালিকানা স্বত্বের পরিমাণ বৃদ্ধি পাবে—**
ক ব্যাংক হতে মালিকের জন্য ৫,০০০ টাকা উত্তোলন
খ ১০,০০০ টাকার আসবাবপত্র ক্রয়
গ বাকীতে পণ্য বিক্রয় ১৫,০০০ টাকা
ঘ নগদে পণ্য ক্রয় ৫,০০০ টাকা

TeachingBD.com

http://teachingbd.com

২০. কর্মচারী শামীমকে বেতন প্রদান ১,০০০ টাকা এক্ষেত্রে হিসাব সমীকরণের–
i. A উপাদান হ্রাস পাবে
ii. L উপাদান বৃদ্ধি পাবে
iii. E উপাদান হ্রাস পাবে
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

২১. ক্রয় জাবেদায় লিপিবদ্ধ হয়–
ক সকল পণ্য ক্রয় খ সকল নগদ পণ্য ক্রয়
গ সকল বাকীতে পণ্য ক্রয় ঘ সকল ক্রয়

২২. চেক প্রাপ্তি ৫,০০০ টাকা এর জাবেদা–
i. ব্যাংক হিসাব ডেবিট
ii. চেক হিসাব ডেবিট
iii. দেনাদার হিসাব ক্রেডিট
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

২৩. আন্তঃফেরত জাবেদার উৎস দলিল–
ক ডেবিট নোট খ ক্রেডিট নোট
গ ডেবিট ভাউচার ঘ ক্রেডিট ভাউচার

২৪. প্রত্যেক দেনাদার ও পাওনাদারের জন্য আলাদা খতিয়ান প্রস্তুত করাকে বলা হয়–
ক সাধারণ খতিয়ান খ সংযুক্ত খতিয়ান
গ সহকারী খতিয়ান ঘ সম্পূরক খতিয়ান

২৫. Brought Forward দ্বারা বুঝায়–
ক নীচে নীত খ উপর থেকে আনীত
গ সম্মুখে নীত ঘ পেছন থেকে আনীত

২৬. ক্রয় ফেরত জাবেদার কলাম কয়টি?
ক ৩টি খ ৪টি গ ৫টি ঘ ৬টি

২৭. খতিয়ানের ডেবিট উদ্বৃত্ত প্রকাশ করে–
i. সম্পদ ii. আয় iii. ব্যয়
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

২৮. রহিমের নিকট ১০,০০০ টাকার পণ্য বিক্রয় করে চেক পেলে তা গণ্য হবে–
ক বাহক চেক খ হুকুম চেক
গ দাগ কাটা চেক ঘ খোলা চেক

২৯. তিনঘরা নগদান বইতে কলাম আছে–
ক ৮টি খ ১০টি গ ১২টি ঘ ১৪টি

৩০. নগদ প্রদান জাবেদায় লিপিবদ্ধ হয়–
ক আসবাবপত্র বিক্রয় খ পণ্য বিক্রয়
গ ঋণ পরিশোধ ঘ দেনাদার হতে প্রাপ্তি

৩১. আসবাবপত্র বিক্রয় ১০,০০০ টাকা বিক্রয় হিসাবে ক্রেডিট করা হয়েছে। এক্ষেত্রে কোন ধরনের ভুল হয়েছে?
ক বাদ পড়ার ভুল খ লেখার ভুল
গ পরিপূরক ভুল ঘ নীতিগত ভুল

৩২. রেওয়ামিলে একটি হিসাবের ডেবিট জের ১৩০ টাকা ভুলে ক্রেডিট কলামে লেখা হয়েছে অন্যান্য সব কিছু ঠিক থাকলে রেওয়ামিলের দুই পার্শ্বের পার্থক্য কত হবে?
ক ৬৫ টাকা খ ১৩০ টাকা
গ ২৬০ টাকা ঘ ৩১০ টাকা

৩৩. রেওয়ামিলে অন্তর্ভুক্ত হয় না–
i. প্রারম্ভিক ব্যাংক জমার উদ্বৃত্ত
ii. সমাপনী হাতে নগদ
iii. সমাপনী মজুদ পণ্য
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

৩৪. রেওয়ামিলে বিজ্ঞাপন ১০,০০০ টাকা, সমন্বয়ে বিজ্ঞাপন ৫ বছরের জন্য প্রয়োজন উল্লেখ হলে অবলোপন টাকার পরিমাণ হত?
ক ১,০০০ টাকা খ ২,০০০ টাকা
গ ৮,০০০ টাকা ঘ ১০,০০০ টাকা

■ নিচের উদ্দীপকটি পড় এবং ৩৫ ও ৩৬ নং প্রশ্নের উত্তর দাও :
দেনাদার ২৫,০০০ টাকা, নতুন কুঋণ ৩,০০০ টাকা, ৫% অনাদায়ী দেনা সঞ্চিতি হলে।

৩৫. নতুন অনাদায়ী দেনা সঞ্চিতির পরিমাণ কত?
ক ১,১০০ টাকা খ ১,২৫০ টাকা
গ ১,৪০০ টাকা ঘ ১,৬৫০ টাকা

৩৬. নীট দেনাদারের পরিমাণ কত?
ক ২০,৯০০ টাকা খ ২,৩৫০ টাকা
গ ২১,৭৫০ টাকা ঘ ২৮,০০০ টাকা

৩৭. জুতা তৈরির ক্ষেত্রে আরোপন যোগ্য খরচ কোনটি?
ক চামড়া ক্রয় খ আটা ক্রয়
গ ছাচ বা ফর্মা ঘ সেলাইয়ের সুতা

৩৮. অফিস উপরি ব্যয়–
i. টেলিফোন বিল
ii. শোরুম ভাড়া
iii. মনিহারী দ্রব্যাদি ক্রয়
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

৩৯. পারিবারিক আয়ের আনুমানিক শিক্ষাখাতে ব্যয় হয়–
ক ৫% – ১০% খ ১০% – ১৫%
গ ২০% – ২৫% ঘ ৩০% – ৪০%

৪০. পারিবারিক বাজেট তৈরি হয়–
ক সম্ভাব্য আয়ের ভিত্তিতে
খ প্রকৃত আয়ের ভিত্তিতে
গ সম্ভাব্য আয় ও ব্যয়ের ভিত্তিতে
ঘ প্রকৃত আয় ও ব্যয়ের ভিত্তিতে

Teachingbd.com